REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

৭ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২রা অগ্রহায়ণ বুধবার ১৩২৭ ইংরাজী 17th November 1920. | ১৮শ সংখ্যা।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৲০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।





দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বধূতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শত্রু মরামাস ও মুষ্টি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

## অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১।০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৸৵০ নয় আনা।

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিদের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং'র

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। শিঘ্র এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'জেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। আসল হিলিংবাম ছাড়া অনেক 'বাম' আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল আসল ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের আলা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্‌ টন্‌ করা, বুক গুঁড় গুঁড় বুক ধড়ফড় করা, গোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, জ্বরভাব, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হওয়া, গা-গা টাটান, গাঁট কন্‌ কন্‌ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি প্রস্রাবাদের বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা শুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন

## কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এইচ, ডি,—এল, এম, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন, পি, সাহা (আই, এম, এস,) এম, আর, সি, পি এস, আর, সি, এস, ডি; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এম, গুহ এম, ডি; (৭) আর মল্লিক এম, ডি, সি, এব; (৮) ডাঃ ডি, ইউ, আহমেদ এম, বি, সি, এম, এল, এম, এ; (৯) ডাঃ এ, হায়দরী, এম, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, ডি, দেজেবজু, এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি,পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২।০, ছোট শিশি ১৸০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

আর, লগিন্‌ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্‌।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## ছাত্রদিগের জন্য বৃত্তি।

—০—

৫০৲ ও ৪০৲ টাকা ( ম্যাট্রিক। )

৩০৲ ও ২৫৲ টাকা ( নন-ম্যাট্রিক। )

দি ন্যাসানেল মেডিকেল কলেজ,

৩০১।৩ অপার সারকিউলার রোড

নিয়মাদির জন্য আবেদন করুন।

এই কজে শব-ব্যবচ্ছেদ ও সার্জ্জারী আধুনিক প্রথায় শিক্ষা হয়। বেতন ৩৲ তিন টাকা মাত্র।

কলেজ কাউন্সিল— মহারাজা বাহাদুর কাশিম বাজার, মাননীয় বিচারক ৺, চৌধুরী ও রাজা প্যারিমোহন মুখোপাধ্যায় সি, এস, আই।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২রা অগ্রগয়ণ বুধবার, ১৩২৭ সাল।


## বিজয়ার সম্ভাষণ।

—০—

আমরা বৎসরান্তে আমাদের পাঠক ও গ্রাহকবর্গকে যথাযোগ্য প্রণাম, নমস্কার ও আশীর্ব্বাদ করি। মুসলমান ভ্রাতাগণ সেলাম গ্রহণ করুন।

—০—

## রেলের চোর।

—০—

রেলগাড়ীতে কোনও মাল চালান দিলে তাহা আস্ত পৌঁছিবেই না। ইহা যেন একটী স্বতঃসিদ্ধের মধ্যে পরিগণিত হইয়াছে। ঘি পাঠাও টিন ফুটাইয়া লইল, কাপড় পাঠাও গাঁটের উপর অক্ষত রাখিয়া ভিতর হইতে বেমালুম মাল বাহির করিয়া লইবে, ফল ইত্যাদি পাঠাও কেবল ঝুড়িটী গন্তব্যস্থানে পৌঁছিয়া প্রেরককে কৃতার্থ করিবে। এ চোর ধরা দুঃসাধ্য। যে ষ্টেষনে মাল বুক করা হইল, তথাকার বাবুরা ভদ্রলোক, যেথানে ছার করা যাইবে তথাকার বাবুরাও তাই। রেলের কুলি খালাসীরাও সাধু কেননা তাহার কোম্পানির চাকর। গার্ড সাহেব তো সাহেব তবে চোর কে? হয় প্রেরক না হয় গৃহীতা। সুতরাং এ চোর ধরা পড়িবেনা। আবার আজকাল পেসেঞ্জার ট্রেনে আরোহীর যথাসর্ব্বস্ব চুরি করা চোর দেখা দিয়াছে। রাত্রিতে নয় প্রকাশ্য দিবালোকে এই প্রকার চুরি হইতেছে। সে দিন জঙ্গিপুরের অন্যতম জমিদার বাবু হরিদাস নাথ মহাশয় কলিকাতা যাইতে ছিলেন। তিনি মেডিকেল স্কুলের ছাত্র। দিনের বেলায় একটু চক্ষু মুদিয়াছেন কি কয়েক ষ্টেষন গিয়া দেখেন তাঁহার সমস্ত অপহৃত হইয়াছে। এ চোরও ধরা পড়িবেনা? জেল অপেক্ষা রেলেই বেশী চোর আছে বলিতে হইবে।

—০—

## রঘুনাথগঞ্জ বালক সার্কাস।

—০—

কিছুদিন পূর্ব্বে স্বনাম ধন্য ব্যায়াম-বীর মহেন্দ্রনাথ দাস জঙ্গিপুরে ক্রীড়া দেখাইবার জন্য আসিয়াছিলেন। তাঁহার আগমনের পর কতকগুলি বালক তাঁহার সম্প্রাদায়ের ক্লাউনের মত মুখে হাস্যোদ্দীপক পক্ পক্ শব্দ করিত। তখন আমরাই বলিয়াছি শুধু ক্লাউনের মত শব্দ করিলে হইবে না অমনি সার্কাস করিতে পারিলে হয়। বাস্তবিকই স্থানীয় কতিপয় বালক তাঁহার সার্কাকের অনেক ক্রীড়া অনুকরণ করিয়া সাধারণের প্রীতি উৎপাদন করিতে সক্ষম হইয়াছে! জেলার ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুরও তাহাদের প্রশংসা করিয়াছেন বুকে রোলার টানা, দাঁতে ২মন বাটখারা উঠান বালকের পক্ষে বাস্তবিক প্রশংসার কথা। রীতিমত পড়া শুনা করিয়া অবকাশ কালে এ প্রকার ব্যায়ামের চর্চ্চা থাকা খুব ভাল।

—০—

## বহরমপুর মহাকালি পাঠশালা।

—০—

আমরা পরস্পর শ্রুত হইলাম বহরমপুর মহাকালী পাঠশালায় শিক্ষকের পরিবর্ত্তে শিক্ষশিত্রী নিযুক্ত হইবে। পূর্ব্বে একবার শিক্ষা বিভাগের কর্ত্তৃপক্ষ বলিয়াছিলেন "মহাকালী পাঠশালায় শিক্ষয়িত্রী নিযুক্ত না করিলে সরকার হইতে সাহায্য করা হইবে না।" বহরমপুরের ভদ্র মহোদয়গণ তৎসম্বন্ধে আপত্তি করায় কাশীমবাজারের মহারাজা শ্রীল শ্রীযুক্ত মনীন্দ্রচন্দ্র নন্দী কে, সি, আই, ই, বাহাদুর সরকারী উক্ত সাহায্য উপেক্ষা করিয়া উক্ত মহাকালী পাঠশালার সমস্ত ব্যয় বহন করিতেছেন। পুনরায় মহাকালী পাঠশালার পুরাতন শিক্ষক ব্রাহ্মণগণকে বাদ দিয়া তাঁহাদিগের স্থানে শিক্ষয়িত্রী নিযুক্ত করিতে হইবে টেউ উঠিয়াছে। তাহা যদি হয় তবে মহাকালী পাঠশালা রাখার প্রয়োজন দেখি না; কেননা এক্ষণে মিশনারী দিগের বালিকা বিদ্যালয় আছে তাহাতেই বালিকাদের শিক্ষার কাজ চলিতে পারে। আমরা মহাকালী পাঠশালায় মেয়েদের কেবল বিদ্যা শিক্ষার জন্য পাঠায় না, মহাকালী পাঠশালায় ধর্ম্মশিক্ষা আচার নিয়ম শিক্ষা, নানাপ্রকার পূজাদি শিক্ষা পাক শিক্ষা, শিল্প শিক্ষা, এবং লেখা পড়া শিক্ষা হয় ঐ সকল শিক্ষার জন্য দিয়া থাকি যদি ধর্ম্মনিষ্ঠ ব্রাহ্মণ পণ্ডিতের স্থলে শিক্ষয়িত্রী নিযুক্ত হয় তাহা হইলে হিন্দু বালিকাগণ কি শিক্ষা প্রাপ্ত হইবে তাহা কাহারও অবিদিত নাই। মহাকালী পাঠশালার সমস্ত ব্যয় কাশীমবাজারের মহারাজা করিয়া থাকেন তবে শিক্ষা বিভাগের কর্ত্তৃপক্ষের শিক্ষয়িত্রী রাখার জন্য এত মাথা ব্যাথা কেন? মহাকালী পাঠশালা এক্ষণে যে ভাবে পরিচালিত হইতেছে তাহাতে বহরমপুরের বালিকাদের বিশেষ উপকার হইতেছে একারণ বহরমপুরস্থ অধিবাসীগণ মাননীয় নিকট অন্তরের সহিত কৃতজ্ঞ এবং পরম উপকৃত। মহারাজা যদি ঐ শিক্ষা বিভাগের কর্ত্তৃপক্ষের মতাবলম্বী হন তাহা হইলে আমরা মহারাজার উক্ত উপকার হইতে বঞ্চিত হইব এবং হিন্দু বালিকাদের শিক্ষার শিরে কুঠারাঘাত হইবে এই সকল বিশেষ বিবেচনা করিয়া মহারাজা মত দিবেন ইহাই আমাদের সানুনয় প্রার্থনা। শ্রীহৃষীকেশঅধিকারী।

---

## নিলামের ইস্তাহার।

### চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৭ই নভেম্বর ১৯২০।

—০—

নিম্নলিখিত নম্বর গুলির ডিক্রীদার নিত্যকালী দাসী।

৮৬৪ থাং দেঃ মাথন দাস্যা দিং দাবি ১৮৲ পং গনকর মৌঃ বোড়া ১।।০ কাত ১।৵১২ আঃ মূঃ ১০৲

৮৬৬ থাং দেঃ ঐ দাবি ১৮৲ পরগণাদি ঐ ২/০ কাত ১।৵১২ আঃ মূঃ ১০৲

৮৪৭ থাং দেঃ মোনাব সেথ দিং দাবি ২২।।৵৬ পং ঐ মৌঃ চড়কা ২।।০ কাত ৩৶০ আঃ মূঃ ১৫৲

২৭৪ থাং দেঃ রাধাবল্লভ বাড়ই দিং দাবি ২১।০ পং রুকুনপুর মৌঃ কিঃ শ্রীপুর ।০,।০ কাত ২।। আঃ মূঃ ১৫৲

—০—

### চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৮ই নভেম্বর ১৯২০।

—০—

৫২৪ থাং ডিঃ দিগম্বর দাস দেঃ ভূজঙ্গভূষণ দাস দাবি দেওয়া নাই পং রাজসাহী মৌঃ নপাড়া ৪।২ কাত ১১।৵৫ আঃ মূঃ ২৫৲

৫২৩ থাং ডিঃ ঐ দেঃ কাত্যায়নী দাস্যা দাবি দেওয়া নাই পরগণাদি ঐ ।৩ কাত ২/১৫ আঃ মূঃ ৫৲

৪৯৯ থাং ডিঃ ঐ দেঃ সতীশচন্দ্র দত্ত দাবি দেওয়া নাই পরগণাদি ঐ ।৪।।০ কাত ৩।৵৫ আঃ মূঃ ১০৲

৪৪৬ থাং ডিঃ ঐ দেঃ মুকসোধ সেথ নাবালকের অলি মাতা গোলাবন বিবি দাবি ৪৫৵৬ পরগণাদি ঐ ৬৶৩।।০ কাত ৩।।/৩ আঃ মূঃ ২৫৲

৫৯২ থাং ডিঃ কৃষ্ণকামিনী দাসী দেঃ কল্পতরু কুনাই দাবি ৭৶৵৬ পং মঙ্গলপুর মৌঃ উমরপুর /৪ কাত ১৲ আঃ মূঃ দেওয়া নাই

৫৯৩ থাং ডিঃ ঐ দেঃ নিরবরাণী দাসী দিং দাবি ৩৯৶৬ পরগণাদি ঐ ৩/২ কাত ৫।।৵০ আঃ মূঃ ৩০৲

৫৯৪ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ৩৪৶৵৬ পরগণাদি ঐ ২/১ কাত ৪৶/৫ আঃ মূঃ ৩০৲

৫৯১ থাং ডিঃ ঐ দেঃ বঙ্কবিহারী কর্ম্মকার দাবি ১৮৶৩ পরগণাদি ঐ ।০ কাত ১।।৵২।। আঃ মূঃ ৫৲

৫৯৭ থাং ডিঃ জগবন্ধু সাহা দেঃ গিধিধারী সরকার ষ্টেটের একজিকিউটর ভূপেন্দ্রনাথ চৌধুরী দীং দাবি ৭৭৲ পং ঐ মৌঃ নিজ সেরপুর ৮/১ কাত ১৯।/৮ আঃ মূঃ ৮০৲

৫৯৮ থাং ডিঃ ঐ দেঃ অটলবিহারী রায় দাবি ১০।।৵৩ পং ঐ মৌ ঐ ।৩।।০ কাত ।।৭।।০ আঃ মূঃ ৫৲

৫৯৯ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ১১/৩ পরগণাদি ঐ ।২৶০ ৶০ আঃ মূঃ ৫৲

৬২৪ থাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দিং দেঃ পাঁচু মণ্ডল দাবি দেওয়া নাই পং লস্করপুর মৌঃ হরিশপুর ২/৩।।০ কাত ১।।৵৯ আঃ মূঃ ১০৲

৬২৩ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি দেওয়া নাই পরগণাদি ঐ ১২৶০।।০ কাত ১২।৫ আঃ মূঃ ৬১৲

৫২৫ থাং ডিং কাদম্বিনী দেবী দেং শচীন্দ্রনাথ রায় দিং দাবি ৩৮৵০ পং গনকর মৌং রঘুনাথগঞ্জ ।২ কাত ৭৲ আঃ মূঃ ১০০৲

৫২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬১।৵৩ পরগণাদি ঐ ।২

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ ;
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্ ॥ ১ ;

চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ৮৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন
করুন।
কবিরাজ—মণিশঙ্কর
গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জিনিস<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে;

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

## ইলেক্ট্রিক সলিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ. বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের এক শিশি ঔষধের মূল্য মায় মাশুল ১৷৵০ আনা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ৷৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গীপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৷৶০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ